www.xtrapapers.com
www.PapaCambridge.com

UNIVERSITY OF CAMBRIDGE INTERNATIONAL EXAMINATIONS
General Certificate of Education Ordinary Level

**BENGALI** **3204/02**

Paper 2 Language Usage and Comprehension

May/June 2006

**1 hour 30 minutes**

Additional Materials: Answer Booklet/Paper

**READ THESE INSTRUCTIONS FIRST**

If you have been given an Answer Booklet, follow the instructions on the front cover of the Booklet.
Write your Centre number, candidate number and name on all the work you hand in.
Write in dark blue or black pen.
Do not use staples, paper clips, highlighters, glue or correction fluid.

Answer **all** questions.

At the end of the examination, fasten all your work securely together.
The number of marks is given in brackets [ ] at the end of each question or part question.



UNIVERSITY of CAMBRIDGE

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## Section A

## বিভাগ ক

**A1 Combination of Words** [1

সন্ধি

নিচে দেয়া শব্দগুলির সন্ধি কর।
উত্তর পুস্তিকায় তোমার উত্তর লেখ।

1 যথা + ইষ্ট

2 উৎ + শ্বাস

3 দুঃ + লভ

4 প্রতি + এক

5 গো + এষণা

**A2 Idioms, Proverbs and Words in Pairs** [10]

বাগধারা, প্রবচন, জোড়া শব্দ

নিচে বাক্যগুলিতে একটি করে শূন্যস্থান দেয়া আছে। শূন্যস্থানগুলি পূরণের জন্য নিচে দেয়া উপযুক্ত বাগধারা/প্রবচন/জোড়া শব্দটি বেছে উত্তর পুস্তিকায় লেখ।

6 মঈনকে সমর্থন করলেও ঝামেলা, না করলেও ঝামেলা এ যেন ____________________।

7 এবার আমাকে ঠকিয়ে পার পেয়ে গেলে কিন্তু মনে রেখো ____________________ ।

8 ভাগ্নেকে পড়াবার জন্য নিজের কাছে এনে জলিল সাহেব ____________________ ।

9 ট্রেনের কামরায় পকেটমারকে সবাই ধরে ____________________ দিল।

10 মুহিত সাহেবের অসদুপায়ে অর্জিত সব সম্পত্তি ____________________ মত ভেঙ্গে গেল।

(1) যেমন বুনো ওল, তেমনি বাঘা তেতুল
(2) খাল কেটে কুমির আনলেন
(3) গরীবের ঘোড়া রোগ
(4) এক মাঘে শীত যায় না
(5) উত্তম-মধ্যম
(6) শাঁখের করাত
(7) তাসের ঘরের
(8) আকাশ কুসুম
(9) ছেলের হাতের মোয়া
(10) সোনায় সোহাগা

www.xtrapapers.com
www.PapaCambridge.com



**A3 Sentence Transformation** 0]

বাক্য রূপান্তর

নিচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে উপযুক্ত শব্দের সাহায্যে এমনভাবে পূরণ কর যেন তার অর্থ ওপরের বাক্যটির অর্থ থেকে বদলে না যায়। উত্তর পুস্তিকায় সম্পূর্ণ বাক্য লিখবে।

**11** জীবনকে সুন্দর ও সার্থক করতে হলে পরিশ্রম করতে হবে।

_____________________ জীবন সুন্দর ও সার্থক হবেনা।

**12** প্রকৃত শিক্ষা পাবার জন্য শিক্ষার সঙ্গে আনন্দের যোগ থাকতে হবে।

শিক্ষার সঙ্গে আনন্দের যোগ থাকলে প্রকৃত ________________ ।

**13** বৃষ্টি কম হলে এবার ফসল ভাল হবে না।

এবার ফসল ভাল হবে না যদি ___________________________ ।

**14** আগে থেকে বুকিং না দিলে টিকেট পেতে অসুবিধা হবে।

টিকেট পেতে হলে আগে থেকে ________________________ ।

**15** দামী হলেই জিনিষ ভাল হবে এমন নয়।

______________________________ যে দাম বেশী হবে এমন নয়।

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## A4 Cloze Passage

[10]

শূণ্যস্থান পূরণ

এই অনুচ্ছেদটিতে শূণ্যস্থানগুলি পূরণের জন্য নিচে কতগুলি শব্দ দেয়া হয়েছে। প্রত্যেকটি শূণ্যস্থান পূরণের জন্য এর মধ্য থেকে উপযুক্ত শব্দটি বেছে উত্তর পুস্তিকায় লেখ।

পশ্চিমের দেশগুলির জনগনের কাছে মুম্বাইতে তৈরী বলিউড সিনেমা হলো নাচেগানে ভরপুর, আবেগময় এবং ____________ (16) কাহিনীর উপর ভিত্তি করে তৈরী চলচ্চিত্র। একমাত্র সত্যজিৎ রায়ের ছবিগুলি পাশ্চাত্যের সুধীজনের কাছে ________ (17) হয়েছে। কিন্তু সত্যজিৎ রায়ের ছবিতে বলিউড সিনেমার সব ___________ (18) অনুপস্থিত। চল্লিশ ও পঞ্চাশের ________ (19) যুগের পর বলিউড সিনেমা গুণগতদিক দিয়ে যে হতাশাজনক অবস্থায় পৌঁছেছিল, আজ সেই _________ (20) কাটিয়ে শুধু ভারতে নয় সারা বিশ্বজুড়ে বলিউড সিনেমা আবার নতুন জীবন পেয়েছে। সম্প্রতি স্যাটেলাইট টেলিভিশন, ইন্টারনেট ইত্যাদি পশ্চিমা দেশগুলিতে ভারতীয় সিনেমার জনপ্রিয়তা বাড়াতে _______ (21) করেছে। ‘লাগান’, ‘মনসুন ওয়েডিং’, ‘কভি খুশী কভি গম’ এজাতীয় সিনেমাগুলি _________ (22) হিন্দী সিনেমার গন্ডী থেকে বের হয়ে কিছুটা বিপরীতধর্মী _______ (23) ও অভিনয়ের উন্নত মানের জন্য লোকের মনে সাড়া জাগিয়েছে। এছাড়া কিছু কিছু রেকর্ড কোম্পানি ইংল্যান্ড-আমেরিকার বড় বড় দোকানগুলোতে হিন্দী জনপ্রিয় গানগুলোর ডিস্ক বিক্রী করে এসব সিনেমার _______ (24) আরো বাড়িয়ে দিয়েছে। যদিও অতিনাটকীয়তায় ভরা কিন্তু অভিনয়, চিত্রনাট্য, সঙ্গীত ও কলাকুশলতার গুণগতমানে বলিউড এখন হলিউডের ________ (25) পেয়ে যাচ্ছে।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (1) | কাহিনী | (6) | জনপ্রিয়তা | (11) | ভূমিকা |
| (2) | চিত্র | (7) | অবাস্তব | (12) | সহায়তা |
| (3) | সমাদৃত | (8) | গতানুগতিক | (13) | সমকক্ষতা |
| (4) | কলাকুশলতা | (9) | উপাদানই | (14) | গৌরবময় |
| (5) | কাল্পনিক | (10) | পরিচালক | (15) | ভাবমূর্তি |

www.xtrapapers.com

www.PapaCambridge.com

**TURN OVER FOR SECTION B**

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## Section B

## বিভাগ খ

নিচের লেখাটি ভাল করে পড়ে নিচে দেয়া প্রশ্নগুলির উত্তর দাও।

আজ থেকে পনের বছর আগে মিনিরা বাংলাদেশ থেকে লন্ডন এসেছে। মিনির বয়স ছিল তখন পাঁচ বছর। ওর বাবা আরো ছয় বছর আগে থেকেই লন্ডনে বসবাস করছিলেন। ওদেরকে লন্ডনে আনার জন্য হোম অফিসে আবেদন করার পরেও ওদেরকে আরো তিন বছর অনুমতির জন্য অপেক্ষা করতে হয়েছে।

সিলেটের গ্রাম থেকে ওরা ঢাকায় আসে ভিসার ইন্টারভিউ দেয়ার জন্য। এই তাদের প্রথম শহরে আসা। এখনকার মত সে যুগে সিলেট থেকে ঢাকায় গাড়ী চলাচল তত বেশী ছিল না। গাড়ীতে আসতে হলে ভৈরব এবং নরসিংদিতে ফেরী পার হতে হত। তাই ওরা রেলে সিলেট থেকে ঢাকা আসে।

ভিসা পাবার একমাস পর ওরা বিমানে করে লন্ডন রওনা হয়। টারমিনাল থেকে একটা বাসে করে ওদেরকে বিমানে উঠানো হয়েছিল। যদিও তখন মিনি খুব ছোট ছিল কিন্তু সব ঘটনাই তার মনে আছে। তাদের গ্রামের বাড়ীর উপর দিয়ে যে সব বিমান উড়ে যেতো ওগুলিকে দেখতে মনে হত একটা ছোট সাদা পাখীর মত। কিন্তু এ যে বিশাল দৈত্যের মত। ভিতরে ঢুকে সে সত্যি অবাক হয়ে গেল। বিমানের ভিতরটা ঝকঝকে তকতকে পরিষ্কার। সিলেট থেকে ঢাকা আসা রেলের মত নোংরা নয়।

ঢাকা ছাড়ার চার ঘন্টা পর বিমানটি দুবাই বিমান বন্দরে নামল। এখানে বিমান থেমেছিল এক ঘন্টার মত। আরোছয় ঘন্টা ওড়ার পর ওরা লন্ডনের হীথরো বিমানবন্দরে পৌঁছলো। মোট এগার ঘন্টা বিমানে বসে ওরা ক্লান্ত হয়ে পড়েছিল। বিমান বন্দরের গায়ে লাগানো চারকোনা সুড়ঙ্গের ভিতর দিয়ে ওরা সরাসরি বিমান বন্দরের ভিতরে ঢুকে গেল। লন্ডনে পৌঁছার পর মিনির মনে হল সে এক অদ্ভুত দেশে এসেছে। ঢাকার রোদে ঝলমল করা গরম আবহাওয়ার সাথে এর কোন মিলই নেই। এখানে আকাশটা কালো মেঘে ঢাকা, গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হচ্ছিল। তারা আসার সময় ঢাকা বিমান বন্দরে মাত্র দুটা বিমান দাঁড়িয়ে ছিল। অথচ হীথরো বিমান বন্দরে শত শত বিমান দাঁড়িয়ে আছে।

বিমান বন্দরে ঢোকার পর ইমিগ্রেশন অফিসার ওর মাকে ইংরেজীতে কিছু প্রশ্ন করল। কিন্তু ওর মা শুধু বাংলা জানে। তাই ওদেরকে পিছনে একটা বেঞ্চিতে বসতে বলে ওর বাবাকে ভিতরে ডেকে পাঠালো। ওর বাবা বাইরে এয়ারপোর্টের লাউঞ্জে অপেক্ষা করছিলেন। ভিতরে আসার পর ইমিগ্রেশন অফিসার ওর বাবাকে কিছু প্রশ্ন করে ওদেরকে ভিসা দিয়ে দিল।

বাইরে এসে ওর বাবা ভাবছিল পাতাল রেল ধরে বাসায় আসবে। কিন্তু ওতে অনেক ঝামেলা এবং মালপত্র নিয়ে টানাটানি। বাসে গেলে সস্তা কিন্তু আবার ট্যাক্সি নিতে হবে। তাই ওর বাবা ভাবল পুরো রাস্তাটাই ট্যাক্সিতে যাবে। কিন্তু ট্যাক্সি ভাড়া অনেক বেশী এবং মিটারে কত উঠবে বলা মুশকিল। তাই ওর বাবা একটা মিনি ক্যাব নেবার সিদ্ধান্ত নিল। মিনি ক্যাবে ভাড়া আগে থেকেই ঠিক করে নেয়া যায়। শেষ পর্যন্ত ওতে করে প্রায় দেড় ঘন্টা পর ওরা বাড়ীতে পৌঁছে।

www.xtrapapers.com



www.PapaCambridge.com

B5 MCQ Comprehension

বোধ জ্ঞানের বহু বিকল্প প্রশ্ন

প্রত্যেক প্রশ্নের চারটি করে উত্তর দেয়া আছে। সঠিক উত্তরটি বেছে তার সংখ্যাটি উত্তর পুস্তিকায় লেখ।

26 কত বছর বয়সে মিনি লন্ডনে আসে?

1 তিন
2 পাঁচ
3 ছয়
4 পনের

27 মিনি প্রথম শহরে আসে:

1 ঢাকার বৃটিশ হাই কমিশনে ভিসার জন্য ইন্টারভিউ দিতে
2 ভৈরব ও নরসিংদিতে ফেরী দেখার জন্য
3 হোম অফিসে ভিসার আবেদন করার জন্য
4 সিলেট থেকে ঢাকা যাবার কি ব্যবস্থা সেটা জানার জন্য

28 ঢাকা থেকে লন্ডন আসার বিমানটাকে মিনির কেমন মনে হয়েছে?

1 ছোট সাদা পাখীর মত
2 বিরাট পাখীর মত
3 বিশাল দৈত্যের মত
4 সিলেট থেকে ঢাকা চলাচলকারি রেলগাড়ীর মত নোংরা

29 ঢাকা থেকে লন্ডন আসতে মিনিদের মোট কত সময় লাগল?

1 ১ ঘন্টা
2 ৪ ঘন্টা
3 ৬ ঘন্টা
4 ১১ ঘন্টা

30 মিনি যখন লন্ডন বিমান বন্দরে নামল তখন:

1 লন্ডনের আবহাওয়া রোদে ঝলমল করছিল
2 আকাশটা মেঘে ঢাকা ছিল
3 বিমান বন্দরে মাত্র দুটি বিমান দাঁড়িয়ে ছিল
4 ওদেরকে বাসে করে বিমান থেকে টার্মিনালে নেয়া হল

www.xtrapapers.com
www.PapaCambridge.com



31 ওরা যখন ইমিগ্রেশন কাউন্টারে গেল

1 ওর মাকে বাংলায় বিভিন্ন প্রশ্ন করা হল
2 ওদেরকে লাউঞ্জে অপেক্ষা করতে বলা হল
3 ওর বাবাকে নানা প্রশ্ন করার পর ওদেরকে ভিসা দেয়া হল
4 ওর বাবাকে বেঞ্চিতে বসতে বলা হল

32 হীথরো থেকে ওরা কিভাবে ঘরে এল?

1 মিনিক্যাবে
2 পাতাল রেলে
3 বাসে
4 ট্যাক্সিতে

www.xtrapapers.com



www.PapaCambridge.com

**TURN OVER FOR SECTION C**

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## Section C

## বিভাগ গ

নিচের লেখাটি ভাল করে পড়ে যথাসম্ভব **নিজের ভাষায় এবং সম্পূর্ণবাক্যে** নিচের প্রশ্নগুলির উত্তর দাও

গত পঞ্চাশ বছরে বাংলাদেশের শহরগুলিতে মানুষের জীবনযাত্রার আমূল <u>পরিবর্তন</u> হয়েছে। দৈনন্দিন জীবনের কাজকর্ম, চালচলন, <u>রীতিনীতি</u> সব কিছুর ভোল পাল্টে গেছে। জীবনের গতি, যান্ত্রিকতা, নিরাপত্তাহীনতা ও ভোগ্যপণ্যের উপর নির্ভরশীলতা অকল্পনীয়ভাবে বেড়ে গেছে।

পঞ্চাশের দশকে রাস্তাঘাটে অত গাড়ীঘোড়া ছিলনা এবং যানজট বলে কিছু ছিলনা। লোকজন অনেক দূর পর্যন্ত হেঁটে অফিস বা বাজারে যেত। এখনকার মত ঘর থেকে বের হয়েই রিক্সা বা গাড়ীতে চড়ত না। প্রায় সব স্কুল ছাত্র-ছাত্রীরা একা বা বন্ধুবান্ধবদের সঙ্গে হেঁটে স্কুলে যেত। শুধু কিছু কিছু মেয়েদের জন্য স্কুলের বাস বা ঘোড়ার গাড়ী আসত অথবা একজন দাই সব মেয়েদেরকে একসঙ্গে দল বেঁধে স্কুলে নিয়ে যেত। কোনো কোনো বাবা হয়ত অফিসে যাবার পথে ছেলেমেয়েদেরকে স্কুল পর্যন্ত পৌঁছে দিতেন।

প্রতি পাড়াতেই কিছু খোলামেলা জায়গা ছিল। সেখানে বিকালে ছেলেমেয়েরা খেলাধূলা করত। বিভিন্ন ঋতুতে বিভিন্ন খেলা। শীতের সময় ব্যাডমিন্টন, ক্রিকেট বা ঘুড়ি উড়ানো, গরমের সময় মার্বেল, কাবাডি এবং বর্ষাকালে ফুটবল খেলার চল ছিল সবচেয়ে বেশী। মাঝে মাঝে এপাড়া ওপাড়ার মধ্যে ম্যাচ বা <u>প্রতিদ্বন্দ্বিতা</u> হত।

টেলিভিশন বলে কিছু ছিলনা। কিছু কিছু বাড়ীতে ব্যাটারী চালিত রেডিও ছিল। পাড়ার সবাই মিলে এক বাড়ীতে বসে রেডিওতে গান, নাটক, খবর বা খেলার ধারা বিবরণী শুনত। বিভিন্ন উৎসব উপলক্ষে প্রতি পাড়াতেই নাটক বা বিচিত্রানুষ্ঠান হত। এর জন্য চলত মাস খানেক ধরে রিহার্সেল বা মহড়া।

এখনকার মত মহিলাদের বাজারে যাবার <u>প্রচলন</u> ততটা ছিলনা। ফেরীওয়ালা বা হকারেরা ঘরে ঘরে কাপড়চোপড়, ঘরের নিত্য নৈমিত্তিক <u>সামগ্রী</u>, সব্জী, মাছ এসব নিয়ে আসত। ঘরে বসেই গৃহিণীরা এসব কিনে ফেলত। কেনাকাটার জন্য সব সময় নগদ পয়সার দরকার হতো না। গৃহিণীরা পুরানো কাপড়, খবরের কাগজের বিনিময়ে জিনিস কিনতে পারত।

www.xtrapapers.com
www.PapaCambridge.com



**C6 OE Comprehension** [6]

এখন নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

33 গত পঞ্চাশ বছরে বাংলাদেশের শহরগুলিতে জীবনযাত্রার কি কি পরিবর্তন হয়েছে?

34 পঞ্চাশ দশকে যানবাহন ও যাতায়াত ব্যবস্থা কি ধরনের ছিল?

35 স্কুলের ছাত্র-ছাত্রীরা কিভাবে স্কুলে যেত?

36 ছেলে-মেয়েরা কি ধরনের খেলাধূলা করত?

37 খেলাধূলা ছাড়াও বিনোদনের আর কি ব্যবস্থা ছিল?

38 মহিলাদের দৈনন্দিন কেনাকাটা সম্বন্ধে কি কি বলা হয়েছে?

**C7 Vocabulary** [10]

শব্দার্থ

উপরের অনুচ্ছেদ থেকে নেয়া নীচের শব্দগুলির অর্থ বাংলায় লেখ।

39 পরিবর্তন

40 রীতিনীতি

41 প্রতিদ্বন্দ্বিতা

42 প্রচলন

43 সামগ্রী

**End of Paper**

www.xtrapapers.com

www.PapaCambridge.com



**BLANK PAGE**

Permission to reproduce items where third-party owned material protected by copyright is included has been sought and cleared where possible. Every reasonable effort has been made by the publisher (UCLES) to trace copyright holders, but if any items requiring clearance have unwittingly been included, the publisher will be pleased to make amends at the earliest possible opportunity.

University of Cambridge International Examinations is part of the University of Cambridge Local Examinations Syndicate (UCLES), which is itself a department of the University of Cambridge.